

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু ও জানাযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কোন নবী অলীর কবর যিয়ারতের জন্য সফর করা কি বৈধ?

বরকতময় তিনটি মসজিদ (অনুরূপ কুবার মসজিদ)ছাড়া বরকত ও সওয়াবের উদ্দেশ্যে অন্য কোন মসজিদ, মাযার বা ঐতিহাসিক স্থান যিয়ারত করার জন্য সফর নিষেধ। আল্লাহ্র রাসুল (সঃ) বলেছেন, "তিনটি মসজিদ ছাড়া সফর করা যাবে না, (মক্কার) মসজিদে হারাম, (মদিনার) আমার এই মসজিদ এবং (জেরুজালেমের) মসজিদে আকসা।" ৪৭৬ (বুখারী-মুসলিম)

সুতরাং যে ব্যক্তি মদিনা যাবে, তার কবরে নববীর যিয়ারত যেন উদ্দেশ্য না হয়। মসজিদে নববীর যিয়ারতের নিয়তে গিয়ে কবর কবর যিয়ারত করবেন। বৈধ নয় কোন আলী-আওলিয়ার কবর বা মাযার দূর থেকে যিয়ারত করতে আসা। অবশ্য তার সাথে যদি কোন অন্য অবৈধ আশা বা চাহিদা থাকে, তাহলে নীতি অনুযায়ী তা বিদআত বা শিরক হবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=370

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন